

B.A. 2nd Semester (Honours) Examination, 2018 (CBCS)

Subject : Bengali

Paper : CC-III

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৬০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।
পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১. যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

- (ক) 'সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু'— পদকর্তার নাম উল্লেখ করে এটি কোন পর্যায়ের পদ তা লেখো।
- (খ) 'বৈষ্ণব পদাবলী'তে বাৎসল্যরসের পদ রচনা করেছেন এমন একজন পদকর্তার নাম লেখো ও তোমাদের পাঠ্য বাৎসল্য রসের পদটির প্রথম পংক্তিটি লেখো।
- (গ) প্রাক্-চৈতন্য যুগের একজন এবং চৈতন্যোত্তর যুগের একজন বৈষ্ণব পদকর্তার নাম লেখো।
- (ঘ) 'পূর্বরাগ' এর সংজ্ঞা দাও।
- (ঙ) 'মাধব, বহুত মিনতি করি তোয়'— কার লেখা কোন পর্যায়ের পদের অংশ?
- (চ) 'গগনে অবঘন মেহ দারণ
সঘনে দামিনী চমকই।'
পদটির রচয়িতা কে? 'চমকই' শব্দের অর্থ কী?
- (ছ) 'আলো মুঞি জানো না _____'— উদ্ধৃত অংশটির অর্থ লেখো।
- (জ) 'দুহুঁ কোরে দুহুঁ কাঁদে বিচ্ছেদ ভাবিয়া'— পংক্তিটির অর্থ লেখো।
- (ঝ) 'আমি সেই অবধি, সরমে মরমে আছি মনোভঙ্গে।।'— বক্তা কে? কেন লজ্জা তার মর্মে গাঁথা আছে?
- (ঞ) 'ডুবিল জলধি-জলে প্রাণের কুমার।'— বক্তা কে? 'প্রাণের কুমার' কাকে বলা হয়েছে?
- (ট) 'ভক্তের আকৃতি' বলতে কী বোঝো?
- (ঠ) 'তুমি তো মা ছিলে ভুলে'— পদটির পদকর্তার নাম উল্লেখ করে কোন পর্যায়ের পদ তা লেখো।
- (ড) 'তুমি কি দোষে করিলে আমায় ছ'টা কলুর অনুগত।'— ছ'টা কলুর পরিচয় দাও।
- (ঢ) 'কোনু অবিচারে আমার 'পরে, করলে দুঃখের ডিক্রীজারি?'— ডিক্রী কথাটির অর্থ লেখো এবং এটি কোন পদকর্তার রচনা তা বলো।
- (ণ) 'পাঠায়ে কি ভব-জায়া পাগল হবেন ভাবি তাই।।'— কে কী ভাবছেন?

Please Turn Over

২. যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০
- (ক) 'ভাবোল্লাস' কাকে বলে? তোমাদের পাঠ্য ভাবোল্লাসের পদটি বিশ্লেষণ করো। ১+৪=৫
- (খ) 'প্রার্থনা' কাকে বলে? তোমাদের পাঠ্য নরোত্তম দাসের লেখা 'প্রার্থনা' পর্যায়ের পদটি বিশ্লেষণ করো। ১+৪=৫
- (গ) তোমাদের পাঠ্য 'নিবেদন' পর্যায়ের পদ অবলম্বনে জ্ঞানদাসের কবিপ্রতিভার পরিচয় দাও।
 'অঞ্জন' শব্দের অর্থ লেখো। ৪+১=৫
- (ঘ) তোমাদের পাঠ্য অম্বিকাচরণ গুপ্তের লেখা শাক্ত-পদটি বিশ্লেষণ করো। 'ষড়ৈশ্বর্য' কী? ৪+১=৫
- (ঙ) শাক্ত-পদাবলীর 'বাল্যলীলা' পদটির পদকর্তার নাম উল্লেখ করে বিশ্লেষণ করো। ১+৪=৫
- (চ) 'যেওনা রজনী আজি' পদটির পদকর্তার নাম কী? পদটি বিশ্লেষণ করো। ১+৪=৫
৩. যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও: ১০×২=২০
- (ক) 'অভিসার' কাকে বলে? তোমাদের পাঠ্য অভিসার পর্যায়ের পদগুলির লৌকিক ও আধ্যাত্মিক তাৎপর্য লেখো। ২+৮=১০
 অথবা
 'গৌরচন্দ্রিকা' কাকে বলে? তোমাদের পাঠ্য 'সহচর অঙ্গে গোরা অঙ্গ হেলাইয়া'— পদটির রসগ্রাহী আলোচনা করো। ২+৮=১০
- (খ) শাক্ত-পদকর্তা রামপ্রসাদ সেন ও কমলাকান্ত ভট্টাচার্যের কবিপ্রতিভার তুলনামূলক আলোচনা করো। ১০
 অথবা
 'আগমনী' ও 'বিজয়া' পর্যায়ের পদ অবলম্বনে মেনকা চরিত্র বিশ্লেষণ করো। 'শাক্ত পদাবলী'তে 'বিজয়া' বলতে কী বোঝায়? ৮+২=১০